

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৯/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ আবদুল আলীম  
চীফ রিপোর্টার, অপরাধ বিচিত্রা  
মডার্ন ম্যানশন  
৫৩ মতিঝিল বা/এ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ মনিরুজ্জামান  
ভাইস প্রেসিডেন্ট  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
প্রাইম ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়  
১১৯/১২০ মতিঝিল বা/এ, ঢাকা।

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৪-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী তথ্য কমিশনে তার দাখিলকৃত ১৯৫/২০১৫ অভিযোগের বিষয়ে জনাব মোঃ মনিরুজ্জামান, ভাইস প্রেসিডেন্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রাইম ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ১১৯/১২০ মতিঝিল বা/এ, ঢাকা এর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ১৯৫/২০১৫ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কোন তথ্য সরবরাহ করেননি। যাচিত তথ্য পেতে পুনরায় ২৫-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। ১৯৫/২০১৫ নং অভিযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

গত ০১-০১-২০১৩ ইং তারিখ থেকে ৩০-১২-২০১৪ পর্যন্ত প্রাইম ব্যাংক লিঃ এর সিএসআর (কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটি) তহবিল থেকে কোন কোন খাতে কত টাকা ব্যয় করা হয়েছে তা একটি তালিকা বা ছক আকারে প্রদান করার জন্য আবেদন।

- ১০-০৪-২০১৬ তারিখের সভায় ১৯৫/২০১৫ নং অভিযোগের পরিপ্রেক্ষিতে দাখিলকৃত অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৪-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ১৯৫/২০১৫ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কোন তথ্য সরবরাহ করেন নি বিধায় সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।
- প্রতিপক্ষ জনাব মোঃ মনিরুজ্জামান, ভাইস প্রেসিডেন্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রাইম ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ১১৯/১২০ মতিঝিল বা/এ, ঢাকা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগকারীর চাহিত সকল তথ্য সরবরাহ করার জন্য প্রস্তুত করা হয়েছে এবং অভিযোগকারীকে মৌখিকভাবে চাহিত তথ্য গ্রহণ করার জন্য জানানো হয়েছে মর্মে তথ্য কমিশনকে অবহিত করেন।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে পূর্ণাঙ্গ তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ মনিরুজ্জামান, ভাইস প্রেসিডেন্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রাইম ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ১১৯/১২০ মতিঝিল বা/এ, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার